

স্মারকনং-১০৪০৯(৮০)

তারিখঃ ৩০.০৯.২০১৫ ইং

বিষয়ঃ- কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অনুমোদিত নতুন সাংগঠনিক কাঠামো (রিভিজিট) অনুসারে বিভাজিত পদবিন্যাস অনুযায়ী আপনার অঞ্চলের অধীন প্রতিটি উপজেলা/পৌরসভা/মেট্রোপলিটন থানায় উপ-সহকারী কৃষি কর্মকর্তার পদ পূরণ ও উদ্বৃত্ত উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের সমন্বয়মূলক পদায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অনুমোদিত নতুন সাংগঠনিক কাঠামো (রিভিজিট) অনুসারে দেশের সকল উপজেলার প্রতিটি ইউনিয়নের জন্য ৩টি ও প্রতিটি পৌরসভার জন্য ১টি এবং প্রতিটি মেট্রোপলিটন থানার জন্য ৪টি করে উপ-সহকারী কৃষি কর্মকর্তার পদ সৃষ্টি করা হয়েছে।


২. এ অবস্থায় বিধি মোতাবেক আপনার অঞ্চলের প্রত্যেক উপজেলা/পৌরসভা/মেট্রোপলিটন থানার জন্য বরাদ্দকৃত উপ-সহকারী কৃষি কর্মকর্তার মোট সংখ্যা হিসেবে উদ্বৃত্ত/ঘাটতি নির্ধারণ করে উদ্বৃত্ত উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে নিম্নোক্ত নীতিমালা অনুসারে আগামী ১৫ অক্টোবর ২০১৫ এর মধ্যে বদলিযোগে পদায়নপূর্বক সমন্বয় করে পরিচালক, প্রশাসন ও অর্থ উইং কে অনুলিপি সহ অবহিত করতে হবে।
৩. অনুমোদিত নতুন সাংগঠনিক কাঠামো (রিভিজিট) অনুসারে অঞ্চলের মোট পদের অতিরিক্ত (যদি থাকে) উপ-সহকারী কৃষি কর্মকর্তার নাম, গ্রেডেশন নং, জন্ম তারিখ, চাকুরীতে যোগদানের তারিখ, বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ, নিজ উপজেলা ও জেলা, মন্তব্য ইত্যাদি তথ্য লিপিবদ্ধ করে পরিচালক, প্রশাসন ও অর্থ উইং বরাবর আগামী ১৫ অক্টোবর ২০১৫ এর মধ্যে প্রেরণ করতে হবে।
৪. উদ্বৃত্ত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/ উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তাগণকে বদলিযোগে পদায়নের ক্ষেত্রে নিম্নেবর্ণিত নীতিমালা অনুসরণ করতে হবে।
 - ক) কৃষি মন্ত্রণালয়ের ২৩.১০.২০১২খিঃ এর ১৩৬২ ও স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর ০১.০৯.২০১৫ তারিখের ১০৪৫নং স্মারকে জারীকৃত বদলী ও পদায়ন নীতিমালা অনুসারে বর্তমানে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তাগণকে নিজ উপজেলার বাহিরে পদায়ন করতে হবে।
 - খ) উপজেলায় তুলনামূলকভাবে দীর্ঘসময় কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের মধ্য থেকে উদ্বৃত্ত তালিকা তৈরী করতে হবে। তবে যে সমস্ত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তাগণের পিআরএল এ গমনের মাত্র ১(এক) বছর অবশিষ্ট আছে তাদের ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে না।
 - গ) স্বামী-স্ত্রী সরকারি চাকুরীজীবী হলে তাদের বদলীর বিষয়ে সরকারি নীতিমালা অনুসরণ করতে হবে।


অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

-----অঞ্চল,-----।

অনুলিপি জ্ঞাতার্থেঃ

১. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,----- (সকল)।


(মোঃ আব্দুল গফুর)
উপ-পরিচালক(প্রশাসন)
পক্ষে-মহাপরিচালক
ফোন-০২-৯১২৫০৫৩


০৫/১০/১৫